

# শিক্ষকদের ওয়েবসাইট থেকে পড়ানোর পরামর্শ দিলেন শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

৩ ফেব্রুয়ারি ২০২৩ ০২:০০ পিএম | আপডেট: ৩ ফেব্রুয়ারি

২০২৩ ০৫:০৬ পিএম

10  
Shares



শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি সাংবাদিকদের প্রশ্নের জবাব দিচ্ছেন

advertisement

বই না পেলে শিক্ষকদের ওয়েবসাইট থেকে পড়ানোর পরামর্শ দিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। আজ শুক্রবার দুপুরে চাঁদপুর সার্কিট হাউসে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ পরামর্শ দেন।

দীপু মনি বলেন, ‘যেসব প্রতিষ্ঠানে বই দেওয়া বাকি ছিল তাদের ২৫ জানুয়ারির মধ্যেই সকল বই পৌঁছানোর কথা ছিল। নির্দিষ্ট সময়ের মধ্যে কেন বই পায়নি সে ব্যাপারে আজকেই খোঁজ নেওয়া হবে। তবে আমাদের ওয়েবসাইটে প্রতিটি বই দেওয়া আছে। তাই কোথাও কোনো ব্যত্যয় ঘটে থাকলে শিক্ষকরা ওয়েবসাইট থেকে পড়তে পারেন’।

advertisement

তিনি বলেন, ‘আমরা স্মার্ট বাংলাদেশের পথে যাত্রা শুরু করেছি। আর স্মার্ট বাংলাদেশ গড়তে আমাদের রাজনীতিতেও স্মার্ট হতে হবে। মিথ্যাচার, অপপ্রচার বাদ দিয়ে দেশের স্বার্থ প্রাধান্য দিয়ে কাজ করতে হবে’।

advertisement 4

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, ‘মিথ্যাচার, অপপ্রচার, মানুষকে বিভ্রান্ত করা, মানুষকে পুড়িয়ে মারা এগুলো কখনো স্মার্ট বাংলাদেশের স্মার্ট রাজনীতির অংশ হতে পারে না। মৌলবাদ, সাম্প্রদায়িকতা, ধর্মের ভিত্তিতে মানুষে মানুষে ভেদাভেদ করা এবং কোনো মানুষ না খেয়ে থাকবে আর অন্যেরা অর্থবিত্তের পাহাড় গড়ে তুলবে, স্মার্ট রাজনীতি এগুলো হতে দেবে না।’

স্মার্ট বাংলাদেশ সম্পর্কে তিনি বলেন, ‘বঙ্গবন্ধুকন্যা ঠিক পিতার মতো। যখন যে স্বপ্ন দেখান, তা বাস্তবায়ন করেন। ডিজিটাল বাংলাদেশ, মধ্যম আয়ের দেশ, উন্নয়নশীল দেশের কথা বলেছিলেন, হয়েছিও আমরা। এখন তিনি আমাদেরকে দেখাচ্ছেন ২০৪১ সালের মধ্যে একটি উন্নত, সমৃদ্ধ, সুখী ও শান্তিময় বাংলাদেশ হবে এবং সে বাংলাদেশ হবে স্মার্ট বাংলাদেশ।’

এ সময় জেলা প্রশাসক কামরুল হাসান, পুলিশ সুপার মিলন মাহমুদ, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক তাফাজজ্জল হোসেন এসড়ু পাটোয়ারীসহ দলীয় নেতারা উপস্থিত ছিলেন।

10  
Shares